bengalioldsongs.in

## ( দ্বিতীয় খণ্ড )

ডলি—দেখ্‌ছেন তো পদ্মলোচনবাবু, বনটা খুব বড়ও নয়, ঘনও নয়—এর মধ্যেও বাঘ—

পদ্মলোচন—বাঘের মতিগতি বোঝা ভার—আর মনে করেন—বাঘ ত খালি বনের মধ্যে না—মাইনষের মনের মধ্যেও। বাঃ মাচাখানতো বেশ শক্ত কইরাই তৈরী করাইছেন—আপনেরা লোকও পোক্ত, কাজ কম্মেও পোক্ত। তা' চলেন, গুরুনাম লইয়া এই বেলা মাচার উপর উইঠা পড়ি।

ডলি—উঠুন—

পদ্মলোচন—এইটা কি কন! আপনে ভদ্রমহিলা—আপনে আগে ওঠেন—আমি লগে আছি।

ডলি—দেখবেন—পড়ে গেলে ধরবেন কিন্তু

পদ্মলোচন—সেই আশাতেই ত রইছি—কিন্তু আপনে কি আর পড়বেন! মানুষের সব সাধ কি আর পূর্ণ হয়!

ডলি—বাঃ আপনি তো বেশ লোক। পড়ে গেলে ব্যথা পাবো না—

পদ্মলোচন—এই দ্যাখেন ডলি দেবী, এইটাই আপনেগো আমি বুঝাইয়া উঠতে পারলাম না যে, সব পড়নে ব্যথা লাগে না।

ডলি—কি জানি বাবা! অত হেঁয়ালী আমি বুঝি না

পদ্মলোচন—বোঝেন সবই—কেবল বুঝতে দিতে চান না। যাউক, ওঠেন অখন—ভগবান যদি মুখ তুইলা চায়—

ডলি—ভগবানের তো আর খেয়ে দেয়ে কাজ নেই—আপনার দিকে চেয়ে বসে থাকবে—

পদ্মলোচন—দেখা যাউক—আসেন। বাঃ এইখানে ত বেশ ফুরফুরাইয়া হাওয়া—চাইরদিকের দৃশ্যও চমৎকার—যা-ই কন না ক্যান—প্রকৃতির শোভাই আলাদা।

ডলি—সেকি! আপনি দেখছি—প্রকৃতির শোভা নিয়ে মেতে উঠলেন। আরে, আপনার বন্দুক কোথায়?

পদ্মলোচন—এ্যাঁ—সারছে—নীচে রাইখা আইছি ত—

ডলি—বেশ! যান—নিয়ে আসুন

পদ্মলোচন—নিয়া আসুম?

ডলি—নিয়ে আসবেন না তো বাঘ মারবেন কি দিয়ে?

পদ্মলোচন—তাও ত কথা—আইচ্ছা যাই—যামু?

ডলি—যান—

পদ্মলোচন—আইচ্ছা—আপনে আবার একলা থাকবেন—

ডলি—একলা থাকবো—সে তো মাচার ওপর—তার জন্যে আপনি ভাবছেন কেন?

পদ্মলোচন—না, ভাবিনা—তাইলে যাই—

( গান )

পদ্মলোচন—ডলি দেবী, ভয় নাই—আমি আইতে আছি—

( ডলির হাসি )

পদ্মলোচন—এই যে আইয়া পড়ছি—ভয় পান নাই ত?

ডলি—না, না, ভয় কি? আমি তো মাঝে মাঝে শিকার করতে বেরুই—

পদ্মলোচন—হ, আপনে ত আবার শিকারীও—এইটা কিন্তু খুব আনন্দের কথা।

ডলি—কোন্‌টা?

পদ্মলোচন—এই যে, আপনেও শিকারী, আমিও শিকারী।

ডলি—তা বটে! দাদুকে কত বল্‌লাম, আমাদের সঙ্গে মাচায় আসতে—কিছুতেই এলো না।

পদ্মলোচন—না আইছে—ভালই অইছে। বুড়া মানুষ খক্কর খক্কর কইরা কাশত—নানা রকম আওয়াজ অইত—শব্দ শুইনা বাঘও পলাইত। যাউক, এইবার নিশ্চিন্ত অইয়া পাও ছড়াইয়া বসেন—আমি আপনের পাশে বসি।

ডলি—দাদুর তাবু থেকে কিন্তু আমাদের মাচা দেখা যায়। ওকি! আপনি অমন করে আমার দিকে চেয়ে কি দেখছেন?

পদ্মলোচন—প্রাকৃতিক সৌন্দর্য।

ডলি—আমার মুখে—

পদ্মলোচন—দেখেন ডলি দেবী! আপনের মধ্যে যে কি আছে—আর কি নাই তা কি আপনে জানেন! আমি দেখ্‌তাছি—আপনে য্যান একটা পদ্মকলি—ফুট্‌ব ফুট্‌ব করতাছে, কিন্তু ফুট্‌তাছে না।

ডলি—ও! আপনার মাথায় এখন এইসব ঘুরছে বুঝি?

পদ্মলোচন—ডলি দেবী। একখান গান শুনাইবেন?

ডলি—গান!

পদ্মলোচন—হ্যাঁ, গান।

ডলি—গানের দরকার নেই বাবা—গান শুনলে বাঘও পালাবে—দাদুও ছুটে আসবে—

পদ্মলোচন—তবে থাউক, কাম নাই। আইচ্ছা—ডলি দেবী, আপনের মাঝে মাঝে এই রকম মনে হয়? আকাশের লগে একেবারে মিশ্যা যাই—

( ডলির হাসি )

পদ্মলোচন—আপনের হাসিখানও মিষ্টি। দেখেন—একটা কথা কমু?

ডলি—কি কথা?

পদ্মলোচন—আপনেরে আমার বড় ভাল লাগে—

ডলি—আমারও

পদ্মলোচন—কইছিলাম না—ভাল না লাইগা পারে?

ডলি—পদ্মলোচন বাবু, বাঘ—

পদ্মলোচন—বাঘ? কই?

ডলি—একি! আপনি কাঁপছেন কেন?

পদ্মলোচন—ওরে বাবা—

ডলি—ওকি! অমন করে ছুটোছুটি করবেন না। মাচা ভেঙ্গে দুজনেই বাঘের পেটে যাবো—গুলী করুন।

পদ্মলোচন—গুলি—কারে? ওরে বাবারে—

ডলি—একি! ছাড়ুন ছাড়ুন! ভয় নেই—ঐ দেখুন, বাঘ পালিয়ে গেছে।

পদ্মলোচন—গেছে?

ডলি—আশ্চর্য! এই সাহস নিয়ে আপনি বাঘ মারতে এসেছেন। শেষে আমাকে ধরে বসে রইলেন।

পদ্মলোচন—তাতে দোষটা কি অইছে? আমি ত দেখতাছি—লাভ ছাড়া ক্ষতি কিছু অয় নাই।

ডলি—লাভটা কি?

পদ্মলোচন—লাভ? কমু? তবে কই—লাভ অইলা তুমি—

ডলি—যতো সব—সরে বসো।

---

———ভানু বন্দ্যোপাধ্যায় ও তপতী ঘোষ———

অভিনীত

দুখানি কৌতুক নক্সা

N 82806 লেডি টাইপিষ্ট —দুখণ্ড

N 82720 পুজোর বাজার —দুখণ্ড